দৈনিক সংবাদ

তারিখ 03 MAY 1987
পৃষ্ঠা 5 ... 4

১৯ বৈশাখ, ১৩৯৪

12

## জাতীয় শিক্ষা কমিশন গঠনের সংবাদে শিক্ষক সমিতির উদ্বেগ প্রকাশ

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কামরুজ্জামান ও সাধারণ সম্পাদিকা হেনাদাস এক বিবৃতিতে বলেন সম্প্রতি শিক্ষানীতি প্রণয়নের লক্ষ্যে একটি জাতীয় শিক্ষা কমিশন গঠনের সংবাদে তাঁরা গভীর উদ্বেগ বোধ করছেন। তারা বলেন স্বাধীনতা উত্তরকালে রাষ্ট্রীয় চার মৌলনীতির আলোকে ডঃ কুদরত-ই-খুদার নেতৃত্বে গঠিত শিক্ষা কমিশন যে সুপারিশমালা প্রণয়ন করেছিল তাতে দেশের জনগণ, শিক্ষক ও ছাত্র সমাজের আশা-আকাঙ্ক্ষা এবং জাতীয় স্বার্থ প্রতিফলিত হয়েছিল। কিন্তু '৭৫ এর রাজনৈতিক পটপরিবর্তনের পর প্রত্যেকটি সরকার খুদা কমিশনের ঐ রিপোর্টকে চাপা দিয়ে শিক্ষা ক্ষেত্রে একের পর এক প্রতিক্রিয়াশীল পদক্ষেপ গ্রহণ করে যাচ্ছে।

বিবৃতিতে তারা এই শিক্ষা কমিশন গঠনের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান এবং খুদা কমিশনের প্রগতিশীল সুপারিশমালা বাস্তবায়নের জোর দাবী জানান। তারা দেশপ্রেমিক শিক্ষক, ছাত্র সমাজ ও জনগণের প্রতি একটি প্রগতিশীল গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে দুর্বার শিক্ষা আন্দোলন গড়ে তোলারও আহ্বান জানান।